গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কশ ৮২৭৩৮১৫

Md. K.F Rahman
President
Daleya Smrity Gronthagar

ডালিয়া স্মৃতি গ্রন্থাগার (ডিএসজি)
Daleya Smrity Gronthagar (DSG)

গ্রাম: বারাংকুলা
ডাকঘর: শেখর-৭৮৬০, উপজেলা: বোয়ালমারী, জেলা: ফরিদপুর।
প্রশাসনিক কার্যক্রম অফিস: সুরমা ভবন, ফ্ল্যাট নং ৮/আই, মিরপুর-১, ঢাকা-১২১৬

ও

ডালিয়া বেগম
স্বামী: মৃত মো: মান্নান তালুকদার
পিতা: মৃত মো: সামাদ লস্কার, মাতা: মৃত আমিরণ নেসা
গ্রাম: বারাংকুলা, ডাকঘর: শেখর-৭৮৬০,
উপজেলা: বোয়ালমারী, জেলা: ফরিদপুর।

## এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক (MOU) বা চুক্তি পত্র দলিল

ডালিয়া স্মৃতি গ্রন্থাগার (ডিএসজি) ভবন নির্মানের লক্ষ্যে ভূমি ব্যবহারের জন্য সমঝোতা স্মারক

তারিখ" ০৫ সেপ্টেম্বর, ২০১৯

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কঞ ০৭৫৮৪১৪

Md. K.F Rahman
President

১. দলিলের প্রকৃতি: "ডালিয়া স্মৃতি গ্রন্থাগার ভবন নির্মানের লক্ষ্যে ভূমি ব্যবহারের জন্য সমঝোতা স্মারক (MOU) বা চুক্তি পত্র দলিল।

২. **পক্ষদ্বয়ের নাম ও ঠিকানা:**

**ক) জমিদাতার নাম ঠিকানা:** ডালিয়া বেগম, পিতা: সামাদ লস্কার, মাতা: আমিরণ নেছা, স্বামী: মৃত: মো: মান্নান তালুকদার, গ্রাম: বারাংকুলা, পো: শেখর, থানা: বোয়ালমারী, জেলা: ফরিদপুর।

------------------------------------প্রথম পক্ষ

**খ) জমি গ্রহণকারীর নাম ও ঠিকানা:** ডালিয়া স্মৃতি গ্রন্থাগার এর পক্ষে সভাপতি জনাব মো: কে.এফ রহমান (শাহ আলম), পিতার মো: মৃত: আনোয়ার উদ্দিন খন্দকার ,মাতা: মৃত লতিফা আনোয়ার, রেড ক্রিসেন্ট সুরমা ভবন, ফ্ল্যাট নং ১৩/ কে, মিরপুর-১, ঢাকা। ধর্ম: ইসলাম (সুন্নী) পেশা: চাকুরী, জাতীয়তা: বাংলাদেশী।

------------------------------------দ্বিতীয় পক্ষ

৩. প্রথম পক্ষের সম্পত্তির মালিকানার সংক্ষিপ্ত ধারাবাহিক ইতিহাস: জেলা: ফরিদপুর, উপজেলা ও সাব রেজিষ্ট্রী অফিস বোয়ালমারী । ১৩৪ নং বারাংকুলা মৌজায় মালিক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পক্ষে সহকারী কমিশনার (ভূমি) বোয়ালমারী সেরেস্তায়-বি.এস ২১৩ নং খতিয়ানের জমি। বি.এস দাগ নং- ১৯৯ মোট জমির পরিমান ২০ শতাংশ যাহা বি.এস ভূমি জরিপে ডালিয়া বেগম এর নিজ নামে রেকর্ড প্রাপ্তে বর্তমান জমি ভোগ দখলে নিয়জিত আছেন। বি.এস দাগ নং ১৯৯ এর ২০ (বিশ) শতাংশ জমির মধ্য থেকে সমঝোতা স্মারকে অন্তভূক্ত সম্পত্তি শুধুমাত্র ভূমি ব্যবহারের জন্য ০২ (দুই) শতাংশ সম্পত্তি মাত্র।

৪. **লক্ষ্য ও উদ্দেশ্য :**

ক) সুশৃংঙ্খল ও আলোজিত জীবন গঠনের লক্ষ্যে সমৃদ্ধিশালী গ্রন্থাগার স্থাপন ও জনগণের পাঠসেবা প্রদান।
খ) এলাকার আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমে প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তা প্রদান।
গ) এলাকাবাসীর জন্য বই পড়ার মাধ্যমে সুস্থ অবসর বিনোদনের সুযোগ সৃষ্টি করা।
ঘ) সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে দায়িত্ব পালন।
ঙ) এলাকার জনগণের মধ্যে জনসংখ্যা নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ রোধ, মাদকমুক্ত সমাজ, স্বাক্ষরতা, স্বাস্থ্য ও পুষ্টি, মাতৃ ও শিশু স্বাস্থ্য, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।
চ) শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে গরীব, দুস্থ, অসহায় ও অসচ্ছল শিশুদের শিক্ষা গ্রহনে সহায়তা প্রদান ও সামাজিক আন্দোলন গড়ে তোলা।
ছ) সন্ত্রাস, অপসংস্কৃতি ও কুসংস্কারের বিপরীতে সুস্থ সংস্কৃতি চর্চা ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।
জ) মহান মুক্তিযুদ্ধের চেতনার যথাযোগ্য মর্যাদা সমুন্নত রাখা ও বাঙালি সংস্কৃতির লালন করা।

৫. **পেক্ষাপট:** গ্রামকে সবাই ভালবাসে, বিশেষ করে যাঁরা গ্রাম হতে বাহিরে অবস্থান করে থাকেন, ধারণা করছি তাঁদের ভালবাসাটা বেশী দৃশ্যমান, কারণ যেহেতু তাঁরা কর্মের তাগিদে গ্রামের বাহিরে অবস্থান করেন তাই স্মৃতিবিজড়িত গ্রামটাকে প্রচন্ড ভাবে অনুভব করেন। সত্যি কথা বলতে গ্রামকে সবাই ভালবাসে, তবে গ্রাম থেকে বাহিরে অবস্থান করা লোকদের আবেগটা একটু বেশি। যখন গ্রামের মধ্যে কোন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়, তখন গ্রামের সবাই এক হয়ে নিজ গ্রামের বিজয় ছিনিয়ে আনতে একযোগে কাজ করেন এবং বিজয় উপভোগেও সমানভাবে উল্যাস ব্যক্ত করেন, ঠিক তেমনিভাবে এক গ্রাম থেকে অন্য গ্রামের পার্থক্যও আমরা প্রকাশ করি বিভিন্ন উপায়ে। দিন দিন আমাদের এলাকায় শিক্ষার হার বাড়তে থাকে, পরিবর্তন হয় সূচক। আমাদের যেমন দায়-দায়িত্ব ও কর্তব্য রয়েছে নিজের ছেলে-মেয়েকে সুশিক্ষিত করে দায়িত্বশীল নাগরিক হিসাবে গোড়ে তুলতে, ঠিক তেমনি দায়-দায়িত্ব ও কর্তব্য রয়েছে পরিবার ও সমাজের প্রতি এবং গ্রাম তথা দেশের প্রতি। আমরা চাই আমাদের দেশ তথা আমাদের গ্রাম পৃথিবীর সকল দেশ ও মানুষের কাছে অনন্য দৃষ্টান্ত হয়ে থাকুক। আমাদের প্রত্যাশা গ্রামের সু-শিক্ষিত-মেধাবী ও আলোকিত ছাত্র-ছাত্রীরা দেশের প্রথম শ্রেণীর নাগরিক হয়ে উঠুক, এবং নিজ এলাকার সুনাম অর্জন করুক। এই চিন্তা চেতনায় মো: ইস্রাফিল তালুকদার (নয়ন) অত্র এলাকার সৃজনশীল ও মুক্তচিন্তার ব্যক্তিবর্গ নিয়ে এলাকায় একটি গণ গ্রন্থাগার প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"



Page 2 of 4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কখ ৩৩৫৬৫২৩

Md. K.F Rahman
President
Daleya Smrity Gronthagar

৬. **সম্পত্তির তফসিল:** শেখর ইউনিয়নে ১৭৬ নং বারাংকুলা মৌজায় বি.এস খতিয়ান ২১৩, বি.এস দাগ নং ১৯৯ মোট সম্পত্তির পরিমান অত্র খতিয়ানে ২০ (বিশ) শতাংশ। উক্ত ২০ (বিশ) শতাংশ জমির মধ্য থেকে সমঝোতা স্বারকে অন্তর্ভুক্ত সম্পত্তি শুধুমাত্র ভূমি ব্যবহারের জন্য ০২ (দুই) শতাংশ সম্পত্তি মাত্র।

শর্তাবলী ঃ

ক) প্রথম পক্ষ (ডালিয়া বেগম) তার নিজ মালিকাধীন নিষ্কন্টক ভোগদখলীয় ০২ (দুই) শতাংশ ভূমি দ্বিতীয় পক্ষের অনুকূলে ডালিয়া স্মৃতি গ্রন্থাগার নির্মানের জন্য বরাদ্দ দিবেন। প্রথম পক্ষ ডালিয়া স্মৃতি গ্রন্থাগার নির্মানে কোন প্রকার ব্যয় বহণ করিবেন না, ০২ (দুই) শতাংশ জমির বর্তমান বাজার মূল্য অনুমানিক ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রস্তাবিত গ্রন্থাগার নির্মানের ক্ষেত্রে প্রথম পক্ষের বিনিয়োগ বলে বিবেচিত হবে।

খ) দ্বিতীয় পক্ষ নিজ দায়িত্বে উপযুক্ত তফসিলী ভূমির ডালিয়া স্মৃতি গ্রন্থাগার ভবন নির্মান করিবেন।

গ) উপযুক্ত তফসিলে বর্ণিত ভূমিতে গ্রন্থাগার নির্মান করে প্রয়োজনীয় অফিস রুম, গ্রন্থাগারে বই সংগ্রহের রুম, পড়ার রুম ইত্যাদি কাজে ব্যবহার করবে। কোন ক্রমে অসামাজিক কোন কাজ দ্বিতীয় পক্ষ করিতে পারিবে না। যদি অসামাজিক এরূপ কোন কর্মকান্ড সমাজের ক্ষতি হয় সেদিন থেকে উক্ত সমঝোতা স্মারক বাতিল করার ক্ষমতা প্রথম পক্ষ সম্পত্তির মালিক/দাতা সংরক্ষণ করেণ।

ঘ) গ্রন্থাগারটি যে ( চুক্তিপত্রের ৪ নং অনুচ্ছেদ) উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হবে তা যদি আগামী ১০ (দশ) বছরে সমাজের মানুষের জ্ঞান বিকাশে উন্নতি সাধন করিতে পারে তাহলে এই চুক্তি স্বারকের তারিখ থেকে পরবর্তী ১০ (দশ) বছর পর উক্ত ০২(দুই) শতাংশ জমি এবং আরো ০৪ (চার) শতাংশ জমিসহ মোট ০৬ (ছয়) শতাংশ জমি আমি প্রথম পক্ষ ডালিয়া স্মৃতি গ্রন্থাগার এর নামে সাব-কবলা/ দানপত্র দলিল প্রথম পক্ষ সম্মত আছেন । এক্ষেত্রে প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের নিকট থেকে কোন আর্থিক সুবিধা দাবী করবেন না।

ঙ) যদি প্রথম পক্ষ "ডালিয়া বেগম" কোন কারণে মৃত্যু বরণ করেন তাহলে তার জমির ওয়ারিশগন উক্ত জমি হতে ০২ (দুই) শতাংশ জমি নির্দিষ্ট মেয়াদ অতিবাহিত হওয়ার পর "ডালিয়া স্মৃতি গ্রন্থাগার" এর নামে রেজিষ্ট্রি করিয়া দিতে সম্মত রয়েছে। এবং উক্ত সমঝোতা স্বারকে প্রথম পক্ষের ওয়ারিশ হিসাবে (মো ইস্রাফিল তালুকদার, মো: মেহেদী হাসান তালুকদার জনি এবং মোসা: বন্যা পারভীন) এর কোন আপত্তি থাকিবে না মর্মে স্বাক্ষর করবেন।

চ) দ্বিতীয় পক্ষ গ্রন্থাগারটি পরিচালনা সংক্রান্ত একটি সুন্দর ব্যবস্থাপনা কমিটি গঠন করিবে এবং কমিটিতে জমিদাতা "ডালিয়া বেগম" আজীবন সদস্য হিসাবে থাকিবেন। ব্যবস্থাপনা কমিটি গ্রন্থাগার পরিচালনা সংক্রান্ত একটি সময় সূচী নির্ধারণ থাকবে।

ছ) গ্রন্থাগারটি শুধুমাত্র তার লক্ষ ও উদ্দেশ্য মূলক কর্মকান্ডের মধ্যেই কার্যক্রম পরিচালনা করবেন, অন্য কোন দপ্তর কিংবা ব্যবসায়িক কার্যক্রমে ব্যবহার করা যাবে না। এমনি কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করা যাবে না।

জ) গ্রন্থাগারটি সুন্দর ভাবে পরিচালনার বিষয়ে প্রথম পক্ষের ছেলে-মেয়ে সর্বত্র সহযোগিতা প্রদান করিবেন এবং প্রয়োনীয় উন্নয়ন কাজে তারা অংশগ্রহণ করিবেন।



Page 3 of 4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

কশ. ৮২৭৩৮১৬

ঝ) গ্রন্থাগারটি প্রাথমিক প্রস্তাবিত (19 X19) ফুট ঘর নির্মানের জন্য ২৫০০ (দুই হাজার) ইট, ১০ (দশ) ব্যগ সিমেন্ট এবং প্রয়োজনীয় রাজমিস্ত্রি, লেবার বিল ও বালুর টাকা পরিশোধ করত: যতটুকু সম্ভব হয় সম্পর্ন্ন করবে প্রথম পক্ষের দুই সন্তান মো: ইস্রাফিল তালুকদার ও মো: মেহেদী হাসান তালুকদার জনি) তাদের নিজস্ব অর্থায়নে নির্মান করিবে বাকী অংশ গ্রন্থাগার কর্তৃপক্ষ ছয় মাসের মধ্যে শুরু করে ০১ (এক) বছরের মধ্যে নির্মান কাজ শেষ করবে।

ঞ) চুক্তিনামাটি ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২৮ তারিখ পর্যন্ত ১০ (দশ) বৎসরের জন্য বলবৎ থাকিবে। ১০ (দশ) বছর মেয়াদ পূর্তিতে জমি গ্রন্থাগারের নামে প্রাপ্তি সাপেক্ষে এই সম্পাদিত সমঝোতা স্মারক (MOU) বা চুক্তি পত্র দলিল বাতিল বলে গণ্য হবে।

ট) অত্র চুক্তিপত্র ৪ (চার) পাতায় সম্পাদিত হইল।

আমরা উভয় পক্ষ পাতা ১ হতে ৪ এর বিষয়বস্তু পড়ে, শুনে এবং বুঝে স্বজ্ঞানে, সুস্থ মস্তিস্কে এবং অন্যকারো দ্বারা প্ররোচিত না হয়ে এ চুক্তিনামায় স্বাক্ষর করিলাম।

**(প্রথম পক্ষ)**
**স্বাক্ষর ও নাম**

ডালিয়া

(ডালিয়া বেগম)
পিতা: সামাদ লষ্কার
তারিখ: ০৫/০৯/২০১৯

**(দ্বিতীয় পক্ষ)**
**স্বাক্ষর ও নাম**

(মো: কে.এফ রহমান (শাহ আলম)
সভাপতি, ডালিয়া স্মৃতি গ্রন্থাগার
তারিখ: ০৫/০৯/২০১৯

Md. K.F Rahman
President
Daleya Smrity Gronthagar

**প্রথমপক্ষের স্বাক্ষীগণের স্বাক্ষর:**

১। স্বাক্ষর: ...........................
নাম: ফাতেমা ইয়াসমিন (রুমা)
পিতা: মৃত: আব্দুর রাজ্জাক তালুকদার
বাসা নং: ৫৩৫, রোড নং-১৪
রূপনগর, ঢাকা
মোবা: ০১৯১১-৩৪ ৩৩ ৪৪

২। স্বাক্ষর: ...........................
মোঃ শফিকুল ইসলাম রিয়াজ
পিতা: মৃত নুর মোহাম্মদ তালুকদার
ঠিকানা: বাসা-১৬, ব্লক-এইচ, বর্ধিত পল্লবী,
মিরপুর, ঢাকা-১২১৬
মোবা: ০১৭১০-৮২ ৯০ ০৭।

**দ্বিতীয়পক্ষের স্বাক্ষীগণের স্বাক্ষর:**

স্বাক্ষর: ........................... ০৫.০৯.১৯
নাম: আব্দুস সবুর মোল্লা
পিতা: আব্দুল মোতালেব মোল্লা
ঠিকানা:গ্রাম+ইউনিয়নঃ বর্ণি, উপজেলা: টুঙ্গিপাড়া,জেলা: গোপালগঞ্জ।
মোবা: ০১৮১১-৪৫ ৮৫ ২৬

স্বাক্ষর: ........................... ০৫/০৯/১৯
নাম: ইসপা সাদেক
পিতা: মো: এহিয়া সাদেক
ঠিকানা: ১৪০/২, এ/১২, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
মোবা: ০১৬১৬-১৬ ৭৫ ৫২

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"